

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড  
বরিশাল

স্মারকনং-বশিবো/ জেএসসি(০১)/২০১৫/৬৪৩

তারিখ: ২৬/০৫/২০১৫খ্রিঃ

বিজ্ঞপ্তি

বরিশাল শিক্ষা বোর্ডের আওতাধীন সকল স্বীকৃতিপ্রাপ্ত ও পাঠদানের অনুমতিপ্রাপ্ত মাধ্যমিক ও নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৫ সালের জেএসসি পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক যে সমস্ত শিক্ষার্থীরা নির্ধারিত সময়ে নিবন্ধন করতে পারে নাই সে সমস্ত শিক্ষার্থীদের বিলম্ব ফি দিয়ে নিবন্ধন প্রক্রিয়া On line এর মাধ্যমে সম্পন্ন করার নির্ধারিত ফি, সময়সূচি ও নির্দেশাবলী নিম্নরূপ:-

০১। নির্ধারিত ফি ও সময়সূচিঃ

বিবরণ	শিক্ষার্থী সংখ্যা	রেজি:ফি	রেড ক্রিসেন্ট ফি	অন-লাইন ফি	বিলম্ব ফি এর পরিমাণ	মোট ফি এর পরিমাণ
ফি এর পরিমাণ	০১ জন	৫০/-	০৪/-	০৬/-	২৫/-	৮৫/-

সময়সূচি: বিলম্ব ফি সহ টি.টি করার তারিখ ২৭/০৫/২০১৫ হতে ০৪/০৬/২০১৫ পর্যন্ত

- ০২। esif এ থেকে প্রাপ্ত TT পূরণকৃত ফরম Download করে সোনালী ব্যাংকে জমা দিতে হবে। টিটি করার হিসাব নং- ২০০০১৩৬৬৯।
- ০৩। অন লাইনে eSIF Data entry করার তারিখ : ৩০/০৫/২০১৫ - ১১/০৬/২০১৫ খ্রিঃ তারিখ পর্যন্ত।
- ০৪। যে সব শিক্ষার্থীদের জন্ম তারিখ ০১-০১-১৯৯৯ তারিখ হতে ৩১-১২-২০০৩ তারিখের মধ্যে কেবল মাত্র সে সব শিক্ষার্থীরাই ২০১৫ সালের জেএসসি নিবন্ধন করতে পারবে।
- ০৫। eSIF পূরণের সময় শিক্ষার্থীর পিতা ও মাতার নামের পূর্বে মিঃ, মিসেস, মৃত, মরহুম, প্রফেসর, মেজর, কর্নেল, ব্রিগেডিয়ার, ডাক্তার, ড., শ্রীযুক্ত, আলহাজ্ব ইত্যাদি এবং নামের শেষে বি এ, এম এ, এফ আর সি এস ইত্যাদি সংযুক্ত করা যাবে না।
- ০৬। টটলিষ্ট বহির্ভূত শিক্ষার্থীদের তথ্য বিদ্যালয় পরিদর্শকের অনুমতি ব্যতিত On line এ প্রেরণ করা যাবে না।
- ০৭। eSIF পূরণের নিয়মাবলী [www.barisalboard.gov.bd](http://www.barisalboard.gov.bd) ওয়েবসাইটে পাওয়া যাবে।
- ০৮। জে,এস,সি নিবন্ধনের জন্য সরবরাহকৃত Pass word ব্যবহার করে নিবন্ধন করতে হবে।
- ০৯। রেড ক্রিসেন্ট ফি বাবদ ৮ম শ্রেণীতে ১০/- টাকা হারে (শিক্ষার্থী প্রতি) এককালীন আদায় করতে হবে। আদায়কৃত অর্থের ৬০ শতাংশ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে (আলাদা হিসাব একাউন্টে) যুব রেড ক্রিসেন্ট কার্যক্রম পরিচালনার জন্য রেখে অবশিষ্ট ৪০ শতাংশ শিক্ষাবোর্ডে প্রেরণ করতে হবে।
- ১০। অসম্পূর্ণ এবং ভুল তথ্যের জন্য প্রধান শিক্ষক দায়ী থাকবেন।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে



বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড

বরিশাল

✓ প্রধান শিক্ষক

অত্র বোর্ডের আওতাধীন সকল অনুমতি প্রাপ্ত/স্বীকৃতিপ্রাপ্ত  
মাধ্যমিক ও নিম্ন মাধ্যমিক বিদ্যালয়।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে বিতরণ:

- ০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল
- ০২। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল
- ০৩। হিসাব রক্ষণ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল
- ০৪। সিস্টেম এনালিস্ট(ভারপ্রাপ্ত), কম্পিউটার কেন্দ্র, বরিশাল (শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ০৫। পি,এস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল
- ০৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল).....(অধিক্ষেত্রাধীন সকল মাধ্যমিক ও নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের বিষয়টি অবহিত করণের জন্য অনুরোধসহ)
- ০৭। সংরক্ষণ নথি।